

মুগ্ধত্ব

এবারও মেয়েরা জিপিএ-৫ ও পাশের হারে এগিয়ে

👤 যুগান্ত্র প্রতিবেদন

⌚ ০৯ ফেব্রুয়ারি ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)



এইচএসসি পরীক্ষার পাশের হার ও জিপিএ-৫ দুটোতে মেয়েরা এবারও এগিয়ে রয়েছে। টানা তিন বছর ধরে এইচএসসি ও সমমানের পরীক্ষায় ছেলেদের চেয়ে মেয়েরা অসাধারণ ফল করছেন। গত দুই বছর ও এবারের ফলাফল পর্যালোচনায় এমন চিত্র দেখা গেছে।

এবার ৯টি শিক্ষা বোর্ড এবং মাদরাসা ও কারিগরি শিক্ষা বোর্ডে মোট পাশের হার ৮৫ দশমিক ৯৫ শতাংশ। মেয়েদের মোট পাশের হার ৮৭ দশমিক ৪৮ শতাংশ। আর ছেলেরা মোট পাশের হার ৮৪ দশমিক ৫৩ শতাংশ। ছাত্রদের থেকে ২ দশমিক ৯৫ শতাংশ বেশি ছাত্রী পাশ করেছে। মোট ১ লাখ ৭৬ হাজার ২৮২ জন জিপিএ-৫ পেয়েছে। ছাত্রদের চেয়ে ১৫ হাজার ১৬০ জন বেশি ছাত্রী জিপিএ-৫ পেয়েছে। তবে গত বছরের তুলনায় এ বছর জিপিএ-৫ কম পেয়েছে ১০ হাজার ৭৩২ জন। গতবার এ সংখ্যা ছিল ১ লাখ ৮৯ হাজার ১৬৯। ২০২০ সালে এছাড়া এইচএসসির অটোপাশে ছেলে-মেয়ে শতভাগ পাশ করলেও জিপিএ-৫ ক্ষেত্রে মেয়েরা এগিয়ে ছিল। করোনাভাইরাস মহামারির কারণে ২০২১ সালের এইচএসসি পরীক্ষা দেরিতে অনুষ্ঠিত হয়। সেবারও বিষয় কমিয়ে, সংক্ষিপ্ত সিলেবাসে পরীক্ষা

নেওয়া হয়। এতে ৯৫ দশমিক ২৬ শতাংশ শিক্ষার্থী পাশ করে। পরীক্ষায় অংশগ্রহণকারী মোট ১৩ লাখ ৭১ হাজার ৬৮১ জন শিক্ষার্থীর মধ্যে ছাত্র ৭ লাখ ১৫ হাজার ৫১৬ জন এবং ছাত্রী ৬ লাখ ৫৬ হাজার ১৬৫ জন। তাদের মধ্যে ৬ লাখ ৭৩ হাজার ৫৮০ জন ছাত্র এবং ৬ লাখ ৩৩ হাজার ১৩৮ জন ছাত্রী পাশ করেছেন। শতকরা হারে ৯৪ দশমিক ১৪ শতাংশ ছাত্র এবং ৯৬ দশমিক ৪৯ শতাংশ ছাত্রী পাশ করেছে। ছেলেদের চেয়ে ২ দশমিক ২৩ শতাংশ এগিয়ে মেয়েরা।

এইচএসসি ও সমমানের পরীক্ষার ফলে জিপিএ-৫ পাওয়ার দিক থেকে ছেলেদের তুলনায় অনেকটা এগিয়ে মেয়েরা। মোট জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৮৯ হাজার ১৬৯ জন। ৭৮ হাজার ৪৬৯ জন ছেলের বিপরীতে ৮৩ হাজার ৩৩৮ জন মেয়ে জিপিএ-৫ পেয়েছেন। সে হিসাবে ছেলেদের থেকে চার হাজার ৮৬৯ জন বেশি মেয়ে জিপিএ-৫ পেয়েছেন। ২০২০ সালের এইচএসসি ও সমমানের পরীক্ষায় শতভাগ পাশ করেছে। ফলাফলে দেখা গেছে, মোট ১ লাখ ৬১ হাজার ৮০৭ জন শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছেন। এতে ৭৮ হাজার ৪৬৯ জন ছেলের বিপরীতে ৮৩ হাজার ৩৩৮ জন মেয়ে জিপিএ-৫ পেয়েছেন। ছেলেদের থেকে চার হাজার ৮৬৯ জন বেশি মেয়ে জিপিএ-৫ পেয়েছে। মহামারি করোনাভাইরাসের কারণে জেএসসি ও এসএসসির গড়ের ভিত্তিতে এইচএসসির ফলাফল ঘোষণা করা হয়। সে সময় এসএসসি পরীক্ষার ফলের ৭৫% ও জেএসসি পরীক্ষার ফলের ২৫% গড় করে এ বছরের ফলাফল নির্ধারণ করা হয়েছে।

বুধবার ঘোষিত ফলাফলে দেখা যায়, এ বছর অংশগ্রহণকারী মোট ১১ লাখ ৭৭ হাজার ৩৮৭ জন শিক্ষার্থীর মধ্যে ছাত্র ৬ লাখ ৯ হাজার ৫২২ এবং ছাত্রী ৫ লাখ ৬৭ হাজার ৮৬৫। তাদের মধ্যে ৫ লাখ ১৫ হাজার ২৪৪ ছাত্র এবং ৪ লাখ ৯৬ হাজার ৭৪৩ জন ছাত্রী পাশ করেছেন। এ বছর ছাত্রীদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৯৫ হাজার ৭২১ জন। আর ছাত্রদের মধ্যে ৮০ হাজার ৫৬১ জন জিপিএ-৫ পেয়েছে। অর্থাৎ ছাত্রদের চেয়ে ১৫ হাজার ১৬০ জন বেশি ছাত্রী জিপিএ-৫ পেয়েছে। এবার ছাত্রীদের পাশের হার যেখানে ৮৭ দশমিক ৪৮ শতাংশ, সেখানে ছাত্রদের মধ্যে পাশ করেছে ৮৪ দশমিক ৫৩ শতাংশ। মোট দুই হাজার ৬৪৯টি কেন্দ্র ও ৯ হাজার ১৮১টি প্রতিষ্ঠানে এইচএসসি ও সমমানের পরীক্ষা অনুষ্ঠিত হয়। সাধারণত প্রতিবছর এপ্রিলে এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হলেও বন্যাসহ বিভিন্ন কারণে পিছিয়ে যাওয়া এই পাবলিক পরীক্ষা ২০২২ সালের ৬ নভেম্বর শুরু হয়।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯
থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২,
ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023